আমরা ভারতবাসী
মেহরু জে. ওয়াদিয়া
ন্যাশনাল বুক ট্রাস্ট, ইণ্ডিয়া

1906)

মূল © মেহরু জে. ওয়াদিয়া, 1984
বাংলা অনুবাদ © ন্যাশনাল বুক ট্রাস্ট, ইণ্ডিয়া, 1984

মূ

WE INDIANS *(Bengali)*

Published by the Director, National Book Trust, India, A5 Green Park, New Delhi 110 016 and printed at Indraprastha Press (C.B.T.), 4 Bahadur Shah Zafar Marg, New Delhi 110 002.

নেহরু বাল পুস্তকালয়

আমরা ভারতবাসী

লেখা ও ছবি : মেহরু জে. ওয়াদিয়া
অনুবাদ : অরুণ চক্রবর্তী

ন্যাশনাল বুক ট্রাস্ট, ইণ্ডিয়া

আমার নাম মীনাক্ষি।

আমি তামিলনাড়ুর মেয়ে।

আমি তামিল ভাষায় কথা বলি।

আমার প্রিয় উৎসব হল পোঙ্গল।

তোমার নাম কি ?

____

আমি হ'লাম রামু প্যাটেল।
আমি থাকি গুজরাতে।
গুজরাতি আমার ভাষা।
আমার গরবা নাচতে ভালো লাগে।
আমার বয়স সাত বছর।

তোমার বয়স কত ?

____

আমার নাম গুলাবু।
আমি রাজস্থানের মেয়ে।
রঙ-চঙে জামা কাপড় পরতে
আমার খুব ভালো লাগে।
পুতুল নাচ দেখতে মজা লাগে খুব।
আমি উঁটের পিঠে চড়ে ঘুরে বেড়াই।

তুমি বেড়াতে গেলে কীসে যাও ?

____

আমার বাড়ি পশ্চিমবঙ্গে।
আমি হ'লাম বাদল ঘোষ।
আমি বাংলা ভাষায় কথা বলি।
ছবি আঁকতে আর গান-বাজনা
করতে ভালো লাগে আমার।
আমি শান্তিনিকেতনে পড়াশুনা করি।

তুমি কোথায় পড় ?

____

আমি হচ্ছি বিঠা।
মহারাষ্ট্রে আমার বাড়ি।
মারাঠী আমার ভাষা।
কিন্তু বোম্বাইয়ে আমাদের পাশের
বাড়ির সবাই অসমীয়া।
ওরা এসেছে আসাম থেকে।

তোমার বাড়ি কোথায় ?

____

আমার নাম সুরিন্দর
আমি পাঞ্জাব থেকে এসেছি।
পাঞ্জাবী ভাষায় কথা বলি।
আমাদের পাড়ার অমরজিৎ সিং
ভাঙরা নাচে।

কোন নাচ তোমার পছন্দ ?

____

আমার নাম নীরজ ত্রিপাঠি।
উত্তর প্রদেশে আমাদের বাড়ি।
আমি হিন্দীতে কথা বলি।
কিন্তু উর্দু ভাষাও শিখেছি—
আমার বন্ধু তারিক বেগ,
তার কাছ থেকে।

তুমি কোন ভাষায় কথা বলো ?

____

আমার নাম উন্নিকৃষ্ণন নায়ার।
আমাদের বাড়ি কেরলে।
মালয়ালম আমার ভাষা।
আমি কথাকলি নাচ শিখছি।
আমার প্রিয় গাছ হল
নারকেল গাছ।

তুমি কোন গাছকে সবচেয়ে বেশী পছন্দ কর ?

____

আমার নাম কমলা।
কর্ণাটকের মেয়ে আমি।
কন্নড় ভাষায় আমি কথা বলি।
আমি মৃদঙ্গ বাজাতে পারি।

তুমি কি কোনো বাজনা বাজাও ?

____

আমি হচ্ছি ভারতী।
অন্ধ্রপ্রদেশ থেকে এসেছি আমি।
তেলেগু ভাষায় আমি কথা বলি।
গরমের ছুটির সময়
আমি কাশ্মীরে বেড়াতে যাই।
সেখানে সালমা আর সুলেমান নামে
আমার যে বন্ধু আছে
তাদের সঙ্গে থাকি।
ছুটির দিনে তুমি কোথায় যাও ?

আমরা দুটি বোন।
আমাদের বাড়ি ওড়িশায়।
আমরা ওড়িয়া ভাষায় কথা বলি।
হাতের ছাপ দিয়ে দিয়ে আমরা
আমাদের দেয়াল আর মেঝে সাজাই।

তোমার কি কোন ভাই বা বোন আছে ?

____

কিন্তু আমরা সবাই ভারতবাসী—পুরোপুরি ভারতবাসী ।